রয়েছে। সাধারণ ডেস্কটপ অংশে পরিচিত My Computer, Recycle Bin কিংবা ব্যবহারকারীদের তৈরি করা ফোল্ডারের জন্যে রয়েছে হাইপার লিংক। স্ক্রীণের উপরের অংশ জুড়ে আছে টিকার কন্ট্রোল- যাতে ক্ষণে ক্ষণে ভেসে উঠবে (অবশ্যই অন-লাইনে থাকলে) নিউজ ফীড, খেলার খবর- অথবা অন্য কোন তথ্য। তারপর রয়েছে নিউজপেন। টিভি স্ক্রীণের মাপের অনুপাতের এ জায়গাটি কিছুক্ষণ পর পর ডেস্কটপে ডেলিভারী হবে ডাটা, পরে অফ-লাইনে ব্রাউজ করে দেখার জন্যে সেগুলোকে সেভ করে রাখবে সিস্টেম, ইন্টারনেট এক্সপ্লোরারে। এতে আরো রয়েছে ওয়েবভিত্তি ফীচার। প্রত্যেকটা ড্রাইভ আর ডিরেক্টরির জন্যে ওয়েভ স্টাইলের ভিউ পাবেন এতে। ওয়েব ভিউ বাটনে ক্লিক করুন- লার্জ আইকন হতে ডিটেইলড ভিউ মোডে চলে আসবেন আপনি। নতুন আরেকটা উইন্ডো চলে আসবে যাতে রয়েছে তিনটি ফ্রেম। উপরের ফ্রেমটিতে দেখতে পাবেন- যে ড্রাইভ বা ফোল্ডার এক্সপ্লোর করেছেন তার নাম। বাঁ দিকের ফ্রেমের ভেতর থাকবে বিভিন্ন আইকন। ডান দিকের ফ্রেমের ভেতর থাকবে হাইপার টেক্সট আর গ্রাফিক্স যাতে থাকবে আরও লিংক বা প্রয়োজনীয় বাটন।

ইন্টারনেট এক্সপ্লোরার ৩.০ ব্যবহারকারী, এর ওয়েব ব্রাউজিং ফ্যাসিলিটির সাথে সুপরিচিত। ব্রাউজিং এ আরো নতুন মাত্রা যোগ করেছে উইন্ডোজ ৯৭-এর এক্সপ্লোরার ৪.০। ফেভারিট ফোল্ডারে থাকবে আপনার পছন্দের ওয়েব সাইটগুলোর ঠিকানা। ওয়েব চেক ফ্যাসিলিটি থাকছে ইন্টারনেট এক্সপ্লোরার-এ। কোন একটা পছন্দের ওয়েব সাইট ঘুরে আসার পর যদি সেখানে কোন পরিবর্তন আনা হয়- তাহলে পরের বার ফেভারিট ফোল্ডার খুলে দেখতে পাবেন ঐ ওয়েব সাইটের ঠিকানার পাশে লাল দাগ দেয়া।

**হাইপার টারমিনাল ঃ** উইন্ডোজ ৯৫-এর হাইপারটারমিনালের চেয়ে বহুগুণে শক্তিশালী- এতে থাকছে অটো-রিডায়াল, Z-modem ক্র্যাশ রিকভারি আর TCP/IP, টেলনেট সেশনের জন্যে সাপোর্ট। ফ্রী পাবেন এই আপগ্রেডটুকু। ইন্টারনেট থেকে যোগাড় করতে চাইলে ওয়েব অ্যাড্রেস হচ্ছে ঃ

http://www.hilgraeve.com/htpe.html

**নতুন এক্সচেঞ্জ ঃ** সম্পূর্ণ নতুন আঙ্গিকের বাগ ফ্রী এক্সচেঞ্জ ইনবক্স। এটিও ফ্রী। এটি দিয়ে ই-মেইল ও ফ্যাক্স পাঠানো যাবে এবং ডাটাও শেয়ার করতে পারবেন অনায়াসে। ইন্টারনেট থেকে সরাসরি যোগাড় করতে পারেন। ওয়েব-অ্যাড্রেস হচ্ছে—

http://www.microsoft.com/windows/software/exupd.htm

**ইমেজিং ফর উইন্ডোজ ঃ** ওয়াং ল্যাবরেটরি থেকে বের হয়েছে এটা। স্ক্যান করা ইমেজ, ইনকামিং ফ্যাক্সকে ম্যানিপুলেট করা ছাড়াও এতে আছে উন্নতর নেভিগেশন, প্যানিং, স্ক্রলিং ও অ্যানোটেশনের সুবিধে। এটাও ফ্রী। পাবেন-

http://www.wang.com/sbu/image95.htm

**নরটন নেভিগেটর ফাইল ম্যানেজার ঃ** লম্বা ফাইল নেমের সুবিধে। চিপ সাপোর্ট, ফাইল কম্প্যারিজন, ফোল্ডার সিনক্রোনাইজেশন ছাড়াও এফটিপি সাইটগুলো থেকে ড্রাগ এন্ড ড্রপের সুযোগ দিচ্ছে সিম্যানটেকের এই সফটওয়্যার।

**ইনফ্রারেড ড্রাইভার ঃ** লেটেস্ট মডেলের নোটবুকগুলোর জন্য প্রযোজ্য। এই ড্রাইভার ফাইলগুলো ল্যাপটপের ইনফ্রারেড পোর্ট আর এক্সটারনাল নেটওয়ার্ক বা প্রিন্টারের মাঝে ওয়্যারলেস সুবিধে দিচ্ছে- যদিও ডাটা স্পীড মাত্র ১১৫ কেবিপিএস।

**উইন্ডোজ ৯৫ সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট ঃ** উইন্ডোজ ৯৫ রিসোর্স কিটের সম্পূরক হিসেবে আসছে সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট। হেল্প ফাইল ফরম্যাটে প্রায় একশরও বেশি নলেজ বেস আর্টিকেল থাকছে এতে। যার মধ্যে রয়েছে নেটওয়্যার ও সেটআপ ইস্যু।

**ব্যবহারকারী ঃ কি আশা করছেন উইন্ডোজের কাছ থেকে—**


আপনি যদি একজন সাধারণ ব্যবহারকারী হয়ে থাকেন তবে জেনে খুশী হবেন যে, উইন্ডোজের আগামী সংস্করণ আপনার জন্যেই। হোমইউজার, হবিইষ্ট, ছোটখাটো খুচরা ব্যবসায়ী যারা বাসা থেকেই কাজ চালান এদেরকেই টার্গেট করেছে মাইক্রোসফট, কাজেই সুযোগ সুবিধাও থাকছে তেমনি। এবারেও নুন্যতম কনফিগারেশন হবে আট মেগা র‍্যামের ৬৬ মেগাহার্জের ৪৮৬। তবে সবচেয়ে সাজ্জাব্য কনফিগারেশন হবে ১৬ মেগা র‍্যাম আর ৯০ মেগাহার্জের পেন্টিয়াম।

ব্যবহারকারীরা যেমনটি আশা করেন উইন্ডোজের কাছ থেকে তার একটি চিত্র তুলে ধরা হলো এখানে—

১. **একে হতে হবে ক্র্যাশ প্রুফ ঃ** আগেরগুলোর চেয়ে দেখতে সুন্দর হলেও উইন্ডোজ ৯৫-এ জেনারেল প্রটেকশন ফল্ট, সিস্টেম লক আপ— সোজা কথায় হ্যাং হয়ে যাওয়া একেবারে বাদ পড়েনি। অবশ্যই এ অবস্থার উন্নতি দরকার।
২. **বুট করতে কম সময় দরকার ঃ** পাওয়ার অন করার পর ডেস্কটপ পর্যন্ত আসা অবদি খুব বেশি হলে দশ সেকেন্ড লাগা উচিত। পাঁচ হলে আরো ভালো।
৩. **ফাইল এক্সটেনশন থাকবে না ঃ** তিন অক্ষরের ফাইল এক্সটেনশন থাকা উচিত নয়। ফাইল সম্বন্ধে তথ্য থাকতে হবে ফাইলের নামের ভেতরই।
৪. **অবাঞ্ছিত কোন এপ্লিকেশন আর নয় ঃ** প্রোগ্রাম ইন্সটল করতে গেলে উইন্ডোজের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে যায় এর ফাইল। কোন একটা প্রোগ্রাম বা ফোল্ডারকে মুছতে চাইলে পুরোপুরি দূর করতে হবে এর সমস্ত ফাইল তা যেখানেই থাকুক না কেন।
৫. **বিদায় ফ্যাট ঃ** ২ গিগাবাইটের একটা ড্রাইভকে যদি একটা পার্টিশন হিসেবে নেন, শতকরা বিশ ভাগ জায়গা হারাবেন আপনি যার জন্য দায়ী পুরানো ফ্যাট সিস্টেমের শঙ্কর মার্কা ক্লাস্টার অ্যালোকেশন। এতএব, দরকার নতুন এক ফাইল সিস্টেমের। পরবর্তী উইন্ডোজ কি তা দিতে পারবে?




*চিত্র ঃ হাইপার টারমিনাল*



অফিস ৯৭

অফিস ৯৭ আউটলুক সুপার পিআইএম ফিচারের মাধ্যমে ইন্টারনেটে যুক্ত হতে পারে। ফলে ক্রস এপ্লিকেশন এনভায়রনমেন্টে কাজ করা অনেক সহজ হবে।


- 'কমান্ড বার' টুলের সাহায্যে বিভিন্ন মেনু এবং টুলস আইকনকে মিক্স করা যায়।
- আপনার অফিসিয়াল কাজে বিশেষভাবে সহায়তা করবার জন্য রয়েছে 'অফিস এসিস্ট্যান্ট' টুল।
- নানা এপ্লিকেশন তৈরির জন্য রয়েছে 'ভিসুয়াল বেসিক সাপোর্ট' টুল।



ওয়ার্ড ৯৭

অনেকগুলো ইন্টারফেস রিফেইনমেন্টস ওয়ার্ডের প্রয়োগ পরিধি বাড়িয়ে দিয়েছে বহুগুণে। এদের মধ্যে অন্যতম হল 'ওয়েব পেজ উইজার্ড'।


- এতে রয়েছে 'ইমপ্রুভড অটোটেক্সট' এবং নতুন অটো সামারাইজ টুল।
- সাধারণ ব্যবহারকারীরা পাবেন সহজ একটি টেবিল ড্রইং টুল।
- 'অন-দি-ফ্লাই টুল' স্পেল চেকিং-এর সুবিধা রয়েছে।



এক্সেল ৯৭

এতে রয়েছে নতুন ইন্টারনেট পাবলিশিং এবং ওয়ার্কশিট শেয়ারিং ফীচার।

- ভিজিউয়াল প্রিন্টিং এক্সেলের একটি অন্যতম টুল।
- ফর্মুলা অটো কারেক্ট ফীচার ১৫টি ভুল শুধরে দেবে।
- এইচটি এমএল টুলটি যে কোন চার্টকে GIF ফরম্যাটে কনভার্ট করে।



*চিত্র ঃ উইন্ডোজ ৯৫ সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট*

ইন্টারনেটে ফ্রী পেতে চান ? অ্যাড্রেস হচ্ছে–
http://www.microsoft.com/windows/support/assist.htm.

**কুইক ভিউ প্লাস ঃ** উইন্ডোজ ৩.১ ও ৯৫ এর কুইক ভিউ ইউটিলিটির উন্নতর সংস্করণ। রাইট মাউস বাটনে একটি ক্লিকে দুশস্তরও বেশি ফরম্যাটের ফাইল ভিউ করতে পারবেন আপনি। ভিউয়ার উইন্ডোজ থেকে ইনফরমেশন সরাসরি ক্লিপ বোর্ডে কপি করা যাবে।

**ওয়ার্ড প্যাড ঃ** উইন্ডোজ এবার নতুন ভাবে একটি টেক্সট এডিটর নিয়ে আসছে। যা দ্বারা আপনি অনায়াসে নতুন ডকুমেন্ট তৈরি ও এডিট করতে পারবেন। এই ওয়ার্ড প্যাড-এর একটি টুলবার থাকবে যা দিয়ে প্রায় সকল কাজ করতে পারবেন খুব সহজেই।

**পেইন্ট ঃ** উইন্ডোজ ৩.১-এ যে পেইন্টব্রাশ ব্যবহার করেছেন তারই নতুন সংযোগ নিয়ে আসছে পেইন্ট। উইন্ডোজ ৯৭-এর এই পেইন্টে ছবি তৈরি ও ঠিক করা থেকে শুরু করে সবই পাচ্ছেন। তার সাথে পাচ্ছেন একটি গতিশীল টুলবার এবং কালার বক্স।

**ইমপ্রুভড মাল্টিটাস্কিং ঃ** উন্নত মাল্টিটাস্কিং-এর নতুন ভার্শনে এবার পাচ্ছেন মাল্টিটাস্কিং-এর অনেক সুবিধা। নিরবে এবং দ্রুত আপনি অনেকগুলো প্রোগ্রামে এক সাথে কাজ করতে পারবেন।


**মাইক্রোসফট নেটওয়ার্ক ঃ** উইন্ডোজ ৯৭-এ পাচ্ছেন মাইক্রোসফট নেটওয়ার্কের আপগ্রেড। এটি উইন্ডোজ ৯৫-এর মত ৯৭-এ ও বিল্ট-ইন। উইন্ডোজ ৯৭-এর নেটওয়ার্ক সেটিং খুবই সহজ হবে। যদি আপনার একটি মডেম থাকে তাহলে আপনি উইন্ডোজ ৯৭-এ বসে অতি সহজেই ডায়ালিং-আপ-নেটওয়ার্কিং ব্যবহার করে অন্য একটি কমপিউটারে বা সার্ভারের সাথে যুক্ত হতে পারেন। ডাটা-শেয়ার, ডায়ালিং-আপ-নেটওয়ার্ক এবং সেটআপের সুবিধা পাচ্ছেন এই ইমপ্রুভড নেটওয়ার্কে।

তাছাড়া পূর্বের সব ফীচারগুলোও পাচ্ছেন। যেমন ঃ ফোন ডায়ালার, ফাইল ট্রান্সফার, সিডি প্লেয়ার, ভলিউম কন্ট্রোল, এমএসডস প্রোম্প্ট, ডিস্ক ডিফ্রাগমেন্টার, স্ক্যান ডিস্ক, ড্রাইভার স্পেস, নেটওয়ার্কিং ব্রাউজিং, রিমোট নেটওয়ার্ক অ্যাডমিনিসট্রেশন ইত্যাদি।


### অফিস ৯৭

উইন্ডোজ ৯৭-এর সাথে তাল মিলিয়ে আসছে অফিস ৯৭। অনেক পরিবর্তন করা হয়েছে এই অফিস ৯৭-এ। বলা যায় টপ-টু-বটম নতুন করে সাজানো হয়েছে অফিস ৯৭কে। অফিস ৯৭-এর সাথে ইন্টারনেটের কিছু ফিচার যুক্ত করে দেয়া হয়েছে। সবচেয়ে বেশি পরিবর্তন করা হয়েছে ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট-এ। ইন্টারনেট এক্সপ্লোরার ৩.০ ও অফিস ৯৭-এর সাথে যুক্ত করা হয়েছে।

অফিস ৯৭ এ নতুন আউটটুল সুপার পি.আই.এম, এবং সরাসরি ইন্টারনেটের সাথে সংযুক্ত করে ডাটা আদান-প্রদান করা সম্ভব খুব সহজেই। নতুন এই ভার্শন অফিস ৯৭-এর স্ট্যান্ডার্ড এডিশনের মূল্য নির্ধারণ করা হয়েছে ৪৯৯ ডলার এবং প্রফেশনাল এডিশন–




*চিত্র ঃ ওয়ার্ড ৯৭*



যার সাথে যুক্ত করা হয়েছে মাইক্রোসফট এক্সেস ৯৭ এবং বুকসেল বেসিক-এর মূল্য নির্ধারণ করা হয়েছে ৫৯৯ ডলার।

### ওয়ার্ড ৯৭


অনেক অনেক কিছু সংযোজন করা হয়েছে এই ওয়ার্ড ৯৭ এ। এ ভার্শনে কাজ করা অত্যন্ত সহজ ও নিখুঁত হবে। অটোটেক্সকে আরো উন্নত করা হয়েছে। টেবিল তৈরি করার জন্য অত্যন্ত সহজ ড্রইংটুল দেয়া হয়েছে। এবং সবচেয়ে বড় সুবিধা হবে On-the-fly Spell Checking অর্থাৎ কাজ করার সময় কোন ধরনের বানান বা গ্রামাটিক্যাল ভুল হলে তা তৎক্ষণাৎ ঠিক করতে পারবে।

### এক্সেল ৯৭

এক্সেল ৯৭-এ নতুন অনেক কিছু যুক্ত হয়েছে। তার মধ্যে মজার হচ্ছে ভিজুয়্যাল প্রিন্টিং এবং ফর্মুলা অটো কারেক্ট অর্থাৎ ফর্মুলা ভুল হলে তা নিজে নিজে ঠিক করে নিতে পারবে। তাছাড়াও HTML অপশনেও ফাইল সেভ করা যাবে এবং প্রয়োজনে তাকে GIF-এ কনভার্ট করা যাবে। উল্লেখ্য, এক্সেল- এর নতুন ভার্শনের ইন্টারফেস অনেক উন্নত ও প্রশংসাযোগ্য।

### উপসংহার


সফটওয়্যার প্রযুক্তির ধারাবাহিকতায় মাইক্রোসফটের চমক বরাবরই অনন্য। উইন্ডোজ ৯৫-এর ব্যাপক কার্যকারিতা ও সাফল্যে ব্যবহারকারীরা বিমুগ্ধ। এবার আসছে উইন্ডোজ ৯৭। নিসন্দেহে আরো নতুন ফীচার, বিস্ময় আর উপযোগিতা নিয়ে। উইন্ডোজ ৯৭-এর অনেকগুলো ফীচার বাজারে পাওয়া যাচ্ছে। তবে, স্বয়ংসম্পূর্ণ উইন্ডোজ ৯৭ বাজারে আসেনি এখনো। মাইক্রোসফট কোম্পানি আদৌ প্রকাশ করেনি যে, তারা কবে নাগাদ উইন্ডোজ ৯৭ বাজারে ছাড়বে। আমরা আশা করছি ১৯৯৭ সালের শুরুতেই অনেক প্রতীক্ষিত উইন্ডোজ ৯৭ বাজারে আসবে এবং ব্যবহারকারীরা এর সুফল পাবে। ●



**আউটলুক ৯৭**

মাইক্রোসফট এক্সচেঞ্জ ইনবক্স এবং শিডিউল+ এর জন্য একটি অল-ইন-ওয়ান রিপ্লেসমেন্ট ই-মেইল, শিডিউলিং এবং কনট্যাক্ট নিয়ে কাজ করে।


- কমন এড্রেস বুকটি ওয়ার্ড-এ কাজ করে।
- ড্রাগ-এন্ড-ড্রপ ইন্টিগ্রেশন অন্যান্য অফিস এপ্লিকেশনের সাথে কাজ করে।
- ইউজার ইন্টারফেস টুল হিসেবে রয়েছে স্লিক ফ্রেম স্টাইল।



**অন্যান্য এপ্লিকেশন**

লেসার অফিস এপ্লিকেশন এইচটিএমএল-ভিত্তিক কনটেন্ট তৈরির জন্য সহজ নতুন উইজার্ড পাবে এবং একে একটি ওয়েব সারভার এর সাথে যুক্ত করবে।

- শেয়ার্ড সার্ভার অ্যাপলেট ড্রইং টুলস সমন্বয় করে।
- পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-এর জন্য রয়েছে ভয়েজ ন্যারেশন টুল।
- হাইপার লিংকড ডাটা টুল এক্সেস এপ্লিকেশনকে সাপোর্ট করে।



**মূল্য / প্যাকেজিং**

প্রফেশনাল এডিশনটির সাথে আছে 'এক্সেস' এবং 'বুকশেল্ফ'। কিছু কিছু প্যাকেজে থাকছে হুইল-ইকুইপড ইনটেলি মাউসও রয়েছে।

- স্টান্ডার্ড আপগ্রেড করতে প্রয়োজন ২৪৯ ডলার।
- ইনটেলি মাউসসহ প্রোফেশনাল আপগ্রেড করতে প্রয়োজন ৩৭৯ ডলার।
- পাবলিশারসহ স্মল বিজনেস আপগ্রেড করতে প্রয়োজন ১৯৯ ডলার।



চিত্র : উইন্ডোজ ৯৫ সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট

ইন্টারনেটে ফ্রী পেতে চান ? অ্যাড্রেস হচ্ছে–

http://www.microsoft.com/windows/support/assist.htm

**কুইক ভিউ প্লাস :** উইন্ডোজ ৩.১ ও ৯৫ এর কুইক ভিউ ইউটিলিটির উন্নতর সংস্করণ। রাইট মাউস বাটনে একটি ক্লিকে দুশ'রও বেশি ফরম্যাটের ফাইল ভিউ করতে পারবেন আপনি। ভিউয়ার উইন্ডোজ থেকে ইনফরমেশন সরাসরি ক্লিপ বোর্ডে কপি করা যাবে।

**ওয়ার্ড প্যাড :** উইন্ডোজ এবার নতুন ভাবে একটি টেক্সট এডিটর নিয়ে আসছে। যা দ্বারা আপনি অনায়াসে নতুন ডকুমেন্ট তৈরি ও এডিট করতে পারবেন। এই ওয়ার্ড প্যাড-এর একটি টুলবার থাকবে যা দিয়ে প্রায় সকল কাজ করতে পারবেন খুব সহজেই।

**পেইন্ট :** উইন্ডোজ ৩.১-এ যে পেইন্টব্রাশ ব্যবহার করেছেন তারই নতুন সংযোগ নিয়ে আসছে পেইন্ট। উইন্ডোজ ৯৭-এর এই পেইন্টে ছবি তৈরি ও ঠিক করা থেকে শুরু করে সবই পাচ্ছেন। তার সাথে পাচ্ছেন একটি গতিশীল টুলবার এবং কালার বক্স।

**ইমপ্রুভড মাল্টিটাস্কিং :** উন্নত মাল্টিটাস্কিং-এর নতুন ভার্শনে এবার পাচ্ছেন মাল্টিটাস্কিং-এর অনেক সুবিধা। নিরবে এবং দ্রুত আপনি অনেকগুলো প্রোগ্রামে এক সাথে কাজ করতে পারবেন।


**মাইক্রোসফট নেটওয়ার্ক :** উইন্ডোজ ৯৭-এ পাবেন মাইক্রোসফট নেটওয়ার্কের আপগ্রেড। এটি উইন্ডোজ ৯৫-এর মত ৯৭-এ ও বিল্ট-ইন। উইন্ডোজ ৯৭-এর নেটওয়ার্ক সেটিং খুবই সহজ হবে। যদি আপনার একটি মডেম থাকে তাহলে আপনি উইন্ডোজ ৯৭-এ বসে অতি সহজেই ডায়ালিং-আপ-নেটওয়ার্কিং ব্যবহার করে অন্য একটি কমপিউটারে বা সার্ভারের সাথে যুক্ত হতে পারেন। ডাটা-শেয়ার, ডায়ালিং-আপ-নেটওয়ার্ক এবং সেটআপের সুবিধা পাচ্ছেন এই ইমপ্রুভড নেটওয়ার্কে।

তাছাড়া পূর্বের সব ফীচারগুলোও পাচ্ছেন। যেমন : ফোন ডায়ালার, ফাইল ট্রান্সফার, সিডি প্লেয়ার, ভলিউম কন্ট্রোল, এমএসডস প্রোম্ট, ডিস্ক ডিফ্রাগমেন্টার, স্কান ডিস্ক, ড্রাইভার স্পেস, নেটওয়ার্কিং ব্রাউজিং, রিমোট নেটওয়ার্ক অ্যাডমিনিসট্রেশন ইত্যাদি।


## অফিস ৯৭

উইন্ডোজ ৯৭-এর সাথে তাল মিলিয়ে আসছে অফিস ৯৭। অনেক পরিবর্তন করা হয়েছে এই অফিস ৯৭-এ। বলা যায় টপ-টু-বটম নতুন করে সাজানো হয়েছে অফিস ৯৭কে। অফিস ৯৭-এর সাথে ইন্টারনেটের কিছু ফিচার যুক্ত করে দেয়া হয়েছে। সবচেয়ে বেশি পরিবর্তন করা হয়েছে ওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট-এ। ইন্টারনেট এক্সপ্লোরার ৩.০ ও অফিস ৯৭-এর সাথে যুক্ত করা হয়েছে।

অফিস ৯৭ এ নতুন আউটটুল সুপার পি.আই.এম. এবং সরাসরি ইন্টারনেটের সাথে সংযুক্ত করে ডাটা আদান-প্রদান করা সম্ভব খুব সহজেই। নতুন এই ভার্শন অফিস ৯৭-এর স্ট্যান্ডার্ড এডিশনের মূল্য নির্ধারণ করা হয়েছে ৪৯৯ ডলার এবং প্রফেশনাল এডিশন–




চিত্র : ওয়ার্ড ৯৭



যার সাথে যুক্ত করা হয়েছে মাইক্রোসফট একসেস ৯৭ এবং বুকসেল বেসিক-এর মূল্য নির্ধারণ করা হয়েছে ৫৯৯ ডলার।

## ওয়ার্ড ৯৭

অনেক অনেক কিছু সংযোজন করা হয়েছে এই ওয়ার্ড ৯৭ এ। এ ভার্শনে কাজ করা অত্যন্ত সহজ ও নিখুঁত হবে। অটোটেক্সকে আরো উন্নত করা হয়েছে। টেবিল তৈরি করার জন্য অত্যন্ত সহজ ড্রইংটুল দেয়া হয়েছে। এবং সবচেয়ে বড় সুবিধা হবে On-the-fly Spell Checking অর্থাৎ কাজ করার সময় কোন ধরনের বানান বা গ্রামাটিক্যাল ভুল হলে তা তৎক্ষণাৎ ঠিক করতে পারবে।

## এক্সেল ৯৭

এক্সেল ৯৭-এ নতুন অনেক কিছু যুক্ত হয়েছে। তার মধ্যে মজার হচ্ছে ভিজুয়্যাল প্রিন্টিং এবং ফর্মুলা অটো কারেক্ট অর্থাৎ ফর্মুলা ভুল হলে তা নিজে নিজে ঠিক করে নিতে পারবে। তাছাড়াও HTML অপশনেও ফাইল সেভ করা যাবে এবং প্রয়োজনে তাকে GIF-এ কনভার্ট করা যাবে। উল্লেখ্য, একসেল- এর নতুন ভার্শনের ইন্টারফেস অনেক উন্নত ও প্রশংসাযোগ্য।

## উপসংহার


সফটওয়্যার প্রযুক্তির ধারাবাহিকতায় মাইক্রোসফটের চমক বরাবরই অনন্য। উইন্ডোজ ৯৫-এর ব্যাপক কার্যকারিতা ও সাফল্যে ব্যবহারকারীরা বিমুগ্ধ। এবার আসছে উইন্ডোজ ৯৭। নিসন্দেহে আরো নতুন ফীচার, বিস্ময় আর উপযোগিতা নিয়ে। উইন্ডোজ ৯৭-এর অনেকগুলো ফীচার বাজারে পাওয়া যাচ্ছে। তবে, স্বয়ংসম্পূর্ণ উইন্ডোজ ৯৭ বাজারে আসেনি এখনো। মাইক্রোসফট কোম্পানি আদৌ প্রকাশ করেনি যে, তারা কবে নাগাদ উইন্ডোজ ৯৭ বাজারে ছাড়বে। আমরা আশা করছি ১৯৯৭ সালের শুরুতেই অনেক প্রতীক্ষিত উইন্ডোজ ৯৭ বাজারে আসবে এবং ব্যবহারকারীরা এর সুফল পাবে। ◉



### আউটলুক ৯৭

মাইক্রোসফট এক্সচেঞ্জ ইনবক্স এবং শিডিউল+ এর জন্য একটি অল-ইন-ওয়ান রিপ্লেসমেন্ট ই-মেইল, শিডিউলিং এবং কনটেক্ট নিয়ে কাজ করে।


- কমন এড্রেস বুকটি ওয়ার্ড-এ কাজ করে।
- ড্রাগ-এন্ড-ড্রপ ইন্টিগ্রেশন অন্যান্য অফিস এপ্লিকেশনের সাথে কাজ করে।
- ইউজার ইন্টারফেস টুল হিসেবে রয়েছে স্লিক ফ্রেম স্টাইল।



### অন্যান্য এপ্লিকেশন

লেসার অফিস এপ্লিকেশন এইচটিএমএল-ভিত্তিক কনটেন্ট তৈরির জন্য সহজ নতুন উইজার্ড পাবে এবং একে একটি ওয়েব সারভার এর সাথে যুক্ত করবে।

- শেয়ার্ড সার্ভার অ্যাপলেট ড্রইং টুলস সমন্বয় করে।
- পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন-এর জন্য রয়েছে ভয়েজ ন্যারেশন টুল।
- হাইপার লিংকড ডাটা টুল এক্সেস এপ্লিকেশনকে সাপোর্ট করে।



### মূল্য / প্যাকেজিং

প্রফেশনাল এডিশনটির সাথে আছে 'এক্সেস' এবং 'বুকশেল্ফ'। কিছু কিছু প্যাকেজ থাছ হুইল-ইকুইপড ইনটেলি মাউসও রয়েছে।

- স্ট্যান্ডার্ড আপগ্রেড করতে প্রয়োজন ২৪৯ ডলার।
- ইনটেলি মাউসসহ প্রোফেশনাল আপগ্রেড করতে প্রয়োজন ৩৭৯ ডলার।
- পাবলিশারসহ স্মল বিজনেস আপগ্রেড করতে প্রয়োজন ১৯৯ ডলার।